



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়

কার্যালয়, রাজশাহী

[dnrcrp.rajshahidiv.gov.bd](http://dnrcrp.rajshahidiv.gov.bd)



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৪৬২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৮

০৬ এপ্রিল ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৬ এপ্রিল ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৬/০৪/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালিক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব মো: হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালিক জনাব অপূর্ব অধিকারী জিল্লানগর এলাকায় মা ভ্যারাইটি স্টোর কে মোড়কজাত পণ্য সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে মালদহ কলোনী এলাকায় ভাই ভাই স্টোর কে সহকারী পরিচালক জনাব মো: হাসান-আল-মারুফ মোড়কজাত পণ্য উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা, নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪০ অনুযায়ী ৪,০০০/- টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। তিনি জিল্লাহ নগর এলাকায় বাবু স্টোর কে মোড়কজাত পণ্য উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ১,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২ টি অভিযানে সর্বমোট ১৫,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APR

৬-৪-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

[rajshahi@dnrcrp.gov.bd](mailto:rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।